



মেনিনজাইটিস ও সেপসিস

অপ্রচলিত কিন্তু মারাত্মক

শিশু ও হামা দেওয়া শিশুরা সবথেকে অসহায় কারণ তারা অনায়াসে সংক্রমণের মোকাবিলা করতে পারে না কারণ তাদের রোগ প্রতিরোধ ব্যবস্থা পুরোপুরি তৈরি হয় নি। তারা বলতে পারে না তারা কেমন বোধ করছে এবং খুব দ্রুত তাদের অবস্থার অবনতি হতে পারে। তাদের যাচাই করতে থাকুন।

মেনিনজাইটিস হল মগজের চারপাশে ফুলে যাওয়া। এটা একটি মারাত্মক ছোঁয়াতে অসুখ, তবে শুরুর্তে চিকিৎসা করলে অধিকাংশ বাচ্চা পুরোপুরি সেরে ওঠে।

সেপসিস (সচরাচর যাকে বলা হয় সেপটিক্যামিয়া বা রক্ত বিষাক্ত হওয়া) হল একটি জীবননাশী অসুখ যা একটি সংক্রমণ থেকে হয়। ত্বকেও বিন্দু বিন্দু কালশিটে পড়তে পারে বা অনেকটা জায়গা বেগুনী হয়ে যেতে পারে, তার উপর দিয়ে একটি জল খাওয়ার গ্লাস গড়িয়ে নিয়ে গেলে রং বদলায় না। এটা হল মেনিনজোকোকাল সেপটিক্যামিয়ার একটি প্রচলিত লক্ষণ, একধনের রক্ত বিষাক্ত হওয়া মেনিনজোকোকাল ব্যাকটেরিয়ার দ্বারা, যা থেকে মেনিনজাইটিসও হতে পারে।

মেনিনজাইটিস বা সেপটিক্যামিয়া সন্দেহ হলে তা একটি আপৎকালীন অবস্থা হিসাবে আপনার সর্বদা দেখা উচিত।

প্রারম্ভিক লক্ষণগুলি হতে পারে ঠান্ডা লাগা বা ক্লু হওয়া। মেনিনজাইটিসে আক্রান্ত বাচ্চারা খুব দ্রুত গুরুতরভাবে অসুস্থ হতে পারে, তাই আপনাকে লক্ষণগুলি অবশ্যই খেয়াল করতে হবে। আপনার শিশুর গায়ে একগুচ্ছ লাল বা বেগুনী দাগ থাকতে পারে। গ্লাস পরীক্ষাটি করুন। গাঢ় ত্বকের উপর এই ফুস্কুড়ি দেখা মুশ্কিল, তাই আপনার শিশুর সারা শরীর দেখুন দাগ আছে কী না কারণ শরীরের যে কোনও জায়গায় দাগ পড়া শুরু হতে পারে (প্রথমে ত্বকের যেই জায়গার রং গাঢ় নয় সেখানে দেখুন)। **তথাপি সবসময় ফুস্কুড়ি থাকে না – তাই সবগুলি লক্ষণ/উপসর্গ জেনে রাখুন।**

স্বর এবং উল্লিখিত যে কোনও উপসর্গের উপর অত্যন্ত গুরুত্ব দিতে হবে। সব বাচ্চা ডানদিকে তালিকাভুক্ত সবগুলি লক্ষণ দেখাবে না।

জিপি-র মরামর্শ

নিম্নলিখিত কোনও লক্ষণ থাকলে একজন ডাক্তারের সাথে যোগাযোগ করুন।

স্বর, হাত পা ঠান্ডা হয়ে যাওয়া

হেলেদুলে চলা এবং নিঃসাড়

নিদ্রালু এবং জাগানো মুষ্কিল

দাগ/ফুস্কুডি। গ্লাস পরীক্ষাটি করুন

দ্রুত নিঃশ্বাস নেওয়া বা ঘোঁত ঘোঁত শব্দ করা

খিটখিটে, গায়ে হাত দেওয়া পছন্দ করে না

অস্বাভাবিক কান্না বা গোঙানি

গ্লাস পরীক্ষা

সন্দেহজনক মেনিনজাইটিস ধরার একটি প্রকৃত উপযোগী উপায় হল গ্লাস দিয়ে পরীক্ষা করা।

আপনার শিশুর শরীরে একগুচ্ছ লাল বা বেগুনী দাগ থাকলে, তার উপর দৃঢ়ভাবে একটি পরিষ্কার খাবার জলের গ্লাসের দেওয়াল চেপে ধরুন।

সাথে সাথে অ্যাকসিডেন্ট অ্যান্ড ইমার্জেন্সি ডিপার্টমেন্টে চলে যান।



এই উদাহরণে কাঁচের ভিতর দিয়ে দাগগুলি তখনও দেখা যায়। একে বলা হয় **নন-ব্ল্যানচিং ফুস্কুডি** – এটা আবছা হয় না। অবিলম্বে একজন ডাক্তারের সাথে যোগাযোগ করুন (যেমন আপনার নিজের ডাক্তারখানায় অথবা ওয়াক-ইন/আর্জেন্ট কেয়ার সেন্টার-এ)। সাথে সাথে সাহায্য না পেলে A&E-এ চলে যান।



এই উদাহরণে কাঁচের নীচে দাগগুলি প্রায় অদৃশ্য হয়ে গেছে। এর মেনিনজাইটিস হওয়ার সম্ভাবনা কম কিন্তু আপনি তখনও চিন্তিত থাকলে NHS 111-কে কল করুন, আপনার জিপি-র সাথে যোগাযোগ করুন অথবা A&E-এ যান।

অতিরিক্ত তথ্যের জন্য www.meningitisnow.org ওয়েবসাইট দেখুন।